


# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোন :  
অফিস : ৯৫৫৫১৩৩  
ফ্যাক্স : ০০৮৮-০২-৯৫৬৪৭৬৩  
ই-মেইলঃ bwdsecretary@gmail.com



সচিবালয়  
ওয়াদা ভবন, মতিঝিল বা/এ,  
ঢাকা-১০০০।

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

স্মারক নংঃ ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-২৫৭

তারিখঃ ২১ সেপ্টেম্বর, ২০২০ খ্রিঃ

## দপ্তরাদেশ

### বিষয়ঃ দাপ্তরিক উপস্থিতি নির্ধারণ।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগ স্মারক নং -০৪.০০.০০০০.৫১৪.০৬.০০২.২০-১৫৯; তারিখঃ ১৬ ভাদ্র ১৪২৭/৩১ আগস্ট ২০২০।


উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত স্মারকের সিদ্ধান্ত মোতাবেক বর্তমান করোনা (কোভিড- ১৯) পরিস্থিতিতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত দাপ্তরিক উপস্থিতি নির্ধারণ সংক্রান্ত নিম্নবর্ণিত সিদ্ধান্ত প্রতিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে আদেশক্রমে অনুরোধ করা হলোঃ

- জনসাধারণের সার্বিক কার্যাবলি/চলাচলের ক্ষেত্রে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ/কর্তৃপক্ষ তাদের আওতাধীন বিষয়ে স্বাস্থ্যবিধি প্রতিপালন নিশ্চিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- বাসস্থানের বাইরে সর্বাবস্থায় মাস্ক পরিধান করা, পারস্পরিক দূরত্ব বজায় রাখা ও অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে;
- কোভিড-১৯ এর বিস্তার রোধে স্থানীয় সরকার বিভাগ, তথ্য মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগসহ জেলা ও উপজেলা প্রশাসন ব্যাপক প্রচারণা ও জনসচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন করবে; এবং
- স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধানাবলি অমান্যকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনাসহ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করতে হবে।

২। এ আদেশ ১লা সেপ্টেম্বর, ২০২০ তারিখ হতে কার্যকর হয়েছে মর্মে গণ্য হবে।

৩। দাপ্তরিক উপস্থিতি সংক্রান্ত বোর্ডের স্মারক নং : ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-১৬৩ তারিখ : ০৯/০৭/২০২০ খ্রিঃ এর মাধ্যমে জারীকৃত দপ্তরাদেশ এতদ্বারা বাতিল করা হলো।

৪। এ আদেশ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগের মাঠ প্রশাসন সমন্বয় অধিশাখা কর্তৃক জারীকৃত স্মারক নং : ০৪.০০.০০০০.৫১৪.০৬.০০২.২০-১৫৯ তারিখঃ ১৬ ভাদ্র ১৪২৭/৩১ আগস্ট ২০২০ অনুসরণে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারি করা হলো।

  
(মোঃ মুজিবুর রহমান)  
সচিব

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

মোবঃ ০১৭১৪৪০০৫৩৭

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১-৯। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল/ দক্ষিণ-পূর্বাঞ্চল/ পূর্বাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ দক্ষিণাঞ্চল/ উত্তরাঞ্চল, বাপাউবো, ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/ফরিদপুর/খুলনা/বরিশাল/রংপুর।
- ১০। প্রধান প্রকৌশলী/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ঢাকাস্থ সকল দপ্তর), বাপাউবো, ঢাকা।
- ১১-১২। প্রধান পানি ব্যবস্থাপনা/ নিয়ন্ত্রক, অর্থ, হিসাব ও নিরীক্ষা, বাপাউবো, ঢাকা।
- ১৩। প্রকল্প পরিচালক/পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল) .....বাপাউবো, .....
- ১৪। সি.এস.ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ১৫। নির্বাহী প্রকৌশলী (সকল) .....বাপাউবো, .....
- ১৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (অফিস আদেশটি বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।)
- ১৭-২২। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পশ্চিম রিজিয়ন/পূর্ব রিজিয়ন/পরিকল্পনা)/সচিব, বাপাউবো, ঢাকা।
- ২৩-২৪। দপ্তর কপি/মাষ্টার কপি।